175

দৈনিক সংবাদ

তারিখ ... 1 JUN 1992
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7 ...

01 JUN 1992

# ক্যাম্পাসে ছাত্রলীগের দু'টি গ্রুপের মধ্যে গোলাগুলি চলছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের বিবদমান দু'টি গ্রুপের মধ্যে গুলিবিনিময় ও উত্তেজনা চলছেই। গোলাগুলির ভয়ে ভীতসন্ত্রস্ত ছাত্ররা ইতিমধ্যেই জহুরুল হক হল ও সলিমুল্লাহ হল ছেড়ে দিতে শুরু করেছে। গত ক'দিন ধরে এ দু'টি হল মূলত অস্ত্রধারীদের দখলে রয়েছে।

গত বুধবার ছাত্রলীগ মন্টু গ্রুপ জহুরুল হক হল দখলের পর থেকে ক্যাম্পাসে প্রচন্ড উত্তেজনা ও গুলিবিনিময় শুরু হয়। মাঝে মাঝে বিরতি দিয়ে এ সংঘর্ষ ও গুলিবিনিময় গতকাল রোববার গভীর রাত পর্যন্ত অব্যাহত ছিল।

ক্যাম্পাসে অবশ্য পুলিশ প্রহরা আছে।

## ক্যাম্পাস ঃ গোলাগুলি চলছে

( ১ম পাতার পর )

রয়েছে। পুলিশের উপস্থিতিতে এ ধরনের প্রকাশ্য অস্ত্রের মহড়ায় ছাত্রছাত্রীরা প্রচন্ড নিরাপত্তাহীনতায় ভুগছে।

যুবলীগ নেতা হান্নান গতকাল এক বিবৃতিতে জহুরুল হক হলে তার সশস্ত্র অবস্থানের প্রকাশিত খবরের প্রতিবাদ জানিয়ে বলেছেন জহুরুল হক হলে তার অবস্থানের প্রশ্নই ওঠে না।